# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ

সূত্র নং-০১(৩১৫)জাতীঃবিঃ/প্রশাঃ/৯৪/১/১০১২

তারিখ: ১৭ই কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
০২রা নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**'মুজিববর্ষ আন্তঃকলেজ ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২১' সংক্রান্ত বিজ্ঞপ্তি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজের অধ্যক্ষগণের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, অধিভুক্ত কলেজসমূহের স্নাতক (পাস ও সম্মান), স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ (মুজিববর্ষ) উদ্‌যাপন উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দেশব্যাপী **'মুজিববর্ষ আন্তঃকলেজ ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২১'** আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে অধিভুক্ত কলেজসমূহকে বিভাগীয় ভেন্যু কলেজের অধ্যক্ষের নিকট নিম্নোক্ত ছক অনুযায়ী ইভেন্টওয়ারী নামের তালিকা, কলেজ পরিচয়পত্র ও প্রয়োজনীয় কাগজপত্র আগামী **১৫ই নভেম্বর ২০২১** তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এর একটি অনুলিপি registrar_nu92@yahoo.com ও phy.edu.nu@gmail.com ই-মেইলে প্রেরণ করতে হবে।

প্রতিযোগিতা অনুষ্ঠানের তারিখ ও ভেন্যু নিম্নে দেয়া হলো।
(ক) বিভাগীয় পর্যায়ে: ১৯/১১/২০২১ থেকে ২৪/১১/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
(খ) চূড়ান্ত প্রতিযোগিতা: ১১/১২/২০২১ তারিখ ঢাকায় অনুষ্ঠিত হবে।
(গ) পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান: ১২/১২/২০২১ তারিখ ঢাকায় অনুষ্ঠিত হবে।

**প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য তালিকা প্রেরণের নমুনা ছক:**

| ক্রমিক নং | প্রতিযোগীর নাম | বিষয়/বিভাগ | ক্লাস রোল নং | শিক্ষাবর্ষ | রেজিস্ট্রেশন নং | ইভেন্টের নাম | জন্ম তারিখ | প্রতিযোগীর স্বাক্ষর | প্রতিযোগীর মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|---|

**বিশেষ দ্রষ্টব্য: ইভেন্টওয়ারী আলাদা তালিকা প্রস্তুত করতে হবে।**

প্রতিযোগিতার ইভেন্টসমূহ নিম্নরূপ:

১। সাংস্কৃতিক প্রতিযোগিতা: ক) রবীন্দ্র সঙ্গীত, খ) নজরুল সঙ্গীত, গ) দেশাত্মবোধক গান, ঘ) লোকগীতি, ঙ) বাংলা কবিতা আবৃত্তি, চ) একক বা দ্বৈত অভিনয়, ছ) নৃত্য (একক), জ) ছোট গল্প লেখা এবং ঝ) নির্ধারিত বিষয়ে উপস্থিত বক্তৃতা।

২। ক্রীড়া প্রতিযোগিতা (ছেলে ও মেয়েদের ক্ষেত্রে আলাদাভাবে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে): ক) ১০০ মিটার দৌড়, খ) ৪০০ মিটার দৌড়, গ) লং জাম্প, ঘ) হাই জাম্প, ঙ) শর্ট পুট এবং চ) ডিসকাস থ্রো (চাকতি নিক্ষেপ)।

৩। **বিভাগীয় পর্যায়ে নিম্নবর্ণিত ৮টি কলেজ 'মুজিববর্ষ আন্তঃকলেজ ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২১' ভেন্যু হিসেবে নির্বাচন করা হয়েছে।**

| ক্রমিক | বিভাগ | ক্রীড়া প্রতিযোগিতার ভেন্যু | সাংস্কৃতিক প্রতিযোগিতার ভেন্যু |
|---|---|---|---|
| ১. | ঢাকা | **মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ**, মোহাম্মদপুর, ঢাকা | **সরকারি সংগীত কলেজ, আগারগাঁও, ঢাকা** |
| ২. | চট্টগ্রাম | চট্টগ্রাম কলেজ | চট্টগ্রাম কলেজ |
| ৩. | রাজশাহী | রাজশাহী কলেজ | রাজশাহী কলেজ |
| ৪. | খুলনা | সরকারি ব্রজলাল (বিএল) কলেজ | সরকারি ব্রজলাল (বিএল) কলেজ |
| ৫. | সিলেট | **মদন মোহন** কলেজ | **মদন মোহন** কলেজ |
| ৬. | বরিশাল | সরকারি ব্রজমোহন (বিএম) কলেজ | সরকারি ব্রজমোহন (বিএম) কলেজ |
| ৭. | রংপুর | কারমাইকেল কলেজ | কারমাইকেল কলেজ |
| ৮. | ময়মনসিংহ | আনন্দ মোহন কলেজ | আনন্দ মোহন কলেজ |

৪। বিভাগীয় পর্যায়ে ক্রীড়া ও সাংস্কৃতিক **প্রতিযোগিতা** আয়োজনকারী ভেন্যু কলেজকে সম্ভাব্য ব্যয় নির্বাহে সহযোগিতা দানের জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে থোক আর্থিক অনুদান প্রদান করা হবে।

৫। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানসমূহের নিয়মিত ছাত্র-ছাত্রী হতে হবে। ১ম বর্ষ ডিগ্রী পাস, অনার্স বা মাস্টার্স/অন্যান্য কোর্সে ভর্তি হয়েও কোন ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশন না পেয়ে থাকলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী অধ্যক্ষেও প্রত্যয়নপত্রের ভিত্তিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। তবে প্রাইভেট রেজিস্ট্রেশনধারী অনিয়মিত কোন ছাত্র-ছাত্রী ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। একজন প্রতিযোগী সর্বোচ্চ ০২(দুই)টি ইভেন্টে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

৬। সাংস্কৃতিক প্রতিযোগিতায় ইভেন্টভিত্তিক প্রার্থী নির্বাচনের জন্য সর্বাধিক ৩টি বিচারক প্যানেল (উদাহরণস্বরূপ নির্ধারিত বিষয়ে উপস্থিত বক্তৃতার জন্য ১টি, সকল প্রকার সঙ্গীতের জন্য ১টি, নৃত্যের জন্য ১টি বিচারক প্যানেল) গঠন করা যেতে পারে। প্রতিটি

বিচারক প্যানেলে ৩ জন সদস্য থাকবেন। কলেজ অধ্যক্ষ বা তাঁর মনোনীত প্রতিনিধি প্রতিটি বিচারক প্যানেলের আহ্বায়কের দায়িত্ব পালন করবেন। বিভাগীয় পর্যায়ে শিল্পকলা একাডেমি থেকে ০১ জন বিশেষজ্ঞ এবং স্থানীয় পর্যায়ের ০১ জন বিশিষ্ট শিল্পী/সাংস্কৃতিক ব্যক্তিত্ব বিচারক প্যানেলের সদস্য হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন।

৭। ক্রীড়া প্রতিযোগিতায় ইভেন্টভিত্তিক বিজয়ী প্রতিযোগী নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ভেন্যু কলেজের অধ্যক্ষ মহোদয় তাঁর নিজ কলেজের একজনসহ ০৩ (তিন) সদস্যবিশিষ্ট বিচারক প্যানেল নির্ধারণ করবেন। সেক্ষেত্রে একজন বিভাগীয়/জেলা ক্রীড়া পরিষদের মনোনীত ও অপর একজন ভেন্যু কলেজ ব্যতীত মনোনয়ন করবেন।

৮। চূড়ান্ত সাংস্কৃতিক প্রতিযোগিতা **সরকারি সংগীত কলেজ, আগারগাঁও, ঢাকায় ১১/১২/২০২১** তারিখ অনুষ্ঠিত হবে।

৯। চূড়ান্ত ক্রীড়া প্রতিযোগিতা **সরকারি শারীরিক শিক্ষা কলেজ, মোহাম্মদপুর, ঢাকায় ১১/১২/২০২১** তারিখ অনুষ্ঠিত হবে।

১০। বিভাগীয় পর্যায়ে প্রতিটি ইভেন্টে প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী প্রতিযোগীদের পুরস্কার প্রদান করা হবে। তবে প্রত্যেক বিভাগ থেকে প্রতিটি ইভেন্টে শুধুমাত্র প্রথম স্থান অর্জনকারী প্রতিযোগীগণই চূড়ান্ত প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতায় প্রতিটি ইভেন্টে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের একটি অনুষ্ঠানের মাধ্যমে পুরস্কার ও সনদ বিতরণ করা হবে।

১১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের পরিচালক স্ব স্ব বিভাগে অনুষ্ঠেয় **মুজিববর্ষ আন্তঃকলেজ ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২১** আয়োজনের কাজে সম্পৃক্ত থাকবেন।

১২। **মুজিববর্ষ আন্তঃকলেজ ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২১** পরিচালনার ক্ষেত্রে কোন বিষয়ে সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষগণ অথবা তাঁর মনোনীত প্রতিনিধি জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার-এর সাথে যোগাযোগ ও পরামর্শক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

উল্লিখিত নীতিমালা ও কর্মসূচী অনুযায়ী **' মুজিববর্ষ আন্তঃকলেজ ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২১'** আয়োজন ও প্রতিযোগিতা সফল করে তোলার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজের অধ্যক্ষগণের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

02-11-21

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার
টেলিফোন- ৯২৯১০১৬
মোবাইল- ০১৭১১ ৮৮৯ ৯৬৯
e-mail: registrar_nu92@yahoo.com
registrar@nu.edu.bd

সূত্র নং-০১(৩১৫)জাতীঃবিঃ/প্রশাঃ/৯৪/১/১০১২

তারিখ: ১৭ই কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
০২রা নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অধ্যক্ষ/ভেন্যু প্রধান, বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান
২. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক, শারীরিক শিক্ষা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. অফিস কপি।

০২/১১/২০২১

(জয়ন্ত ভট্টাচার্য্য)
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
মানবসম্পদ উন্নয়ন ও শুদ্ধাচার দপ্তর
ও প্রশাসন, পরিষদ শাখা
ফোন: ৯২৯১০৫১, ফ্যাক্স: ৯২৯১০৪৮
মোবাইল: ০১৭৭৭৭৮৯০৪৮
আইপি: ২১২২১৩০
e-mail: council@nu.edu.bd